সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ-বার্ষিক পরীক্ষা – ২০১৮

অষ্টম শ্রেণি

বিষয়: বাংলা (আবশ্যিক) বিষয় কোড: ১০১

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ১০০

(দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।)

সৃজনশীল অংশ (৪০ নম্বর)

গদ্যাংশ

যে কোনো দুই**টি** প্রশ্নের উত্তর দাও : **১০×২ = ২০**

১। এক গভীর চাঁদনী রাতে পাশের গ্রামের বন্ধুর বাড়ি থেকে বাড়িতে ফিরছিল নাদিম। বাড়ি ফিরতে একটা ছোট বিল পাড়ি দিতে হয় তাকে। বিলের মাঝখানে এসে দেখতে পায় কিছু দূরে একটি কলাগাছের ঝাড়ে সাদা কাপড় পরে এক নারী বারবার আঁচল নাড়ছে। প্রথমে নাদিম ভয় পেলেও পরে সাহস করে কাছে গিয়ে দেখল একটি শুকনো কলাপাতা চাঁদের আলোয় সাদা দেখাচ্ছে আর বাতাসে তার নড়াচড়া দেখে নারীর আঁচল নাড়ানো মনে হচ্ছে। আঁচল রহস্য উদঘাটন হওয়ায় নাদিম একাই কতক্ষণ হেসে নিল।

ক) উইল কী? ১

খ) নগেন তার মামার তৈলচিত্রে প্রণাম করতে গিয়েছিল কেন? ২

গ) উদ্দীপকের নাদিম ও 'তৈলচিত্রের ভূত' গল্পের নগেনের মানসিকতার পার্থক্য কোথায়? বর্ণনা দাও। ৩

ঘ) 'সাহস ও অনুসন্ধিৎসু মনই দূর করতে পারে কুসংস্কার' – উদ্দীপক ও 'তৈলচিত্রের ভূত' গল্পের আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২। সময়টা বর্ষাকাল। মেঘনার আগ্রাসী স্রোত ভয়ঙ্কর রূপ ধরে ছুটে আসছে মনপুকুর গ্রামের দিকে। গ্রামের পশ্চিম দিকের বাঁধটি প্রাণপণে বাধা দিচ্ছে বন্যার পানিকে। কিন্তু আর কতক্ষণ! গ্রামবাসীরা উৎকণ্ঠায় ব্যাকুল হয়ে উঠল। ভেসে যাবে তাদের ঘরবাড়ি, গবাদিপশু, মাঠের ফসল। এমন সময় মসজিদের মাইকে শোনা গেল ওমর মাস্টারের গলা। তিনি গ্রামের সকল যুবককে আহ্বান জানাচ্ছেন খন্তা, কোদাল, ঝুড়ি, বাঁশ – যার যা কিছু আছে তাই নিয়ে বাঁধে চলে আসার জন্য। রুখতে হবে মেঘনার ঢল, রক্ষা করতে হবে গ্রাম ও ফসলের মাঠ।

ক) মার্শাল-ল কী? ১

খ) '২৩ বৎসরের করুণ ইতিহাস' বলতে বঙ্গবন্ধু কী বোঝাতে চেয়েছিলেন? ২

গ) উদ্দীপকে 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' ভাষণের কোন দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকে প্রতিফলিত দিকটি ছাড়াও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ছিল সুচিন্তিত, দিকনির্দেশনামূলক ও সুদূর প্রসারী" –মন্তব্যটি মূল্যায়ণ কর। ৪

৩। রাত এগারটায় নিজেদের যৌথ রেস্টুরেন্ট 'ভোজনবিলাস' বন্ধ করে চার বন্ধু বাড়ির দিকে যাচ্ছিল। পথে তারা দেখল ৬/৭ বছরের একটি শিশু দাঁড়িয়ে কাঁদছে। তার কান্নার কারণ জিজ্ঞাসা করলে সে বলে, ঢাকা শহরে বেড়াতে এসে সে হারিয়ে গেছে। একথা শুনে শাফিন নামের এক বন্ধু তাকে তাদের রেস্টুরেন্টে কাজে লাগানোর প্রস্তাব দিলে হাসান প্রতিবাদ করে বলে, "ওকে ওর বাবা মার কাছে ফিরিয়ে দেওয়া উচিত। ওর বাবা মায়ের নিশ্চয়ই ওকে হারিয়ে খুব কষ্ট হচ্ছে।" তারপর তারা আলোচনা করে পত্র-পত্রিকাসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছেলেটির ছবি ও প্রয়োজনীয় তথ্য প্রকাশ করে। এতে পরিচিত জনেরা তাকে চিনে ফেরত নিয়ে যায়।

ক) আড়ি কী? ১

খ) 'এরপর আর আমাদের সন্দেহ রইল না' – বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের শিশুটি 'পড়ে পাওয়া' গল্পের যে বিষয়ের সাথে সম্পর্কিত তা বর্ণনা কর। ৩

ঘ) "উদ্দীপকের হাসানের মনোভাব ও 'পড়ে পাওয়া' গল্পের কিশোরদের অনুভূতি যেন একই সূত্রে গাঁথা" – উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

কবিতাংশ

যে কোনো দুই**টি** প্রশ্নের উত্তর দাও : **১০×২ = ২০**

৪। বর্তমানে গ্রামের বাড়িতে একজন বিশ্বস্ত কাজের লোক নিয়ে বিধবা শাহিদা বেগমের সংসার। একমাত্র ছেলে কানাডায় নাগরিকত্ব পেয়ে স্ত্রী পুত্র নিয়ে বসবাস করছে। ছোট মেয়ে অস্ট্রেলিয়ায় থাকে, বড় মেয়ের স্বামী ঢাকায় প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিন সন্তানই মাকে নিজের কাছে রাখতে চায়। কিন্তু মা তাদের অনুরোধ রাখতে নারাজ। তার কথা, "তেরো বছর বয়সে স্বামীর সাথে এই ভিটায় পা রেখেছি। এখানে অনেক সুখ-দুঃখ, জন্ম-মৃত্যুর স্মৃতি জড়িয়ে আছে । এ ভিটা আমার অস্তিত্বের সাথে গাঁথা। এখান থেকে আমি কোথাও যাব না"।

ক) দুই বিঘা জমি কবিতায় ছোট ছোট গ্রামগুলিকে কী বলা হয়েছে? ১

খ) উপেন তার জমি বেচতে চায় না কেন? ২

গ) 'উদ্দীপকের শাহিদা বেগমের সাথে 'দুই বিঘা জমি' কবিতার উপেন যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের সাথে সাদৃশ্য থাকলেও শাহিদা বেগম অপেক্ষা উপেনের পরিণতি ছিল ভিন্ন "- মন্তব্যটির সত্যতা বিচার কর। ৪

৫। প্রতিবেশী পিতৃহারা অরুণ এবং তার বিধবা মায়ের অভাব অনটন দেখে তুহিন ব্যথিত হয়। নিজের পাওয়া বৃত্তির টাকা দিয়ে কিছু চাল, ডাল কিনে সেগুলো দিয়ে আসে অরুণদের বাড়িতে। তুহিনের আরেক প্রতিবেশী ছমিরন বিবি তার এ কাজকে পরোপকার রূপে না দেখে বলে, "নিশ্চয়ই তুহিনের কোনো বদ মতলব আছে।" এ কথা শুনে তুহিন মনে খুব কষ্ট পায়। পরবর্তীতে সে এ ধরনের কর্মকান্ড থেকে পিছিয়ে আসে।

ক) ব্যথা প্রশমিতে পারে কোনটি? ১

খ) "পারি না মিলিতে সেই দলে" – কেন? ২

গ) উদ্দীপকে তুহিনের পিছিয়ে আসার কারণ 'পাছে লোকে কিছু বলে' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) 'উদ্দীপকে ছমিরণ বিবির মতো মানুষের মানসিকতা পরিবর্তনই 'পাছে লোকে কিছু বলে' কবিতার ভাবার্থ'-মন্তব্যটি মূল্যায়ণ কর। ৪

৬। আরব দেশে এক বৃদ্ধা ছিলেন যিনি মহানবি (স:) কে অপছন্দ করার কারণে তাঁর চলার পথে কাঁটা বিছিয়ে রাখতেন। মহানবি (স:) এর পায়ে কাঁটা ফুটে যাতে কষ্ট পান, সেটিই ছিল তার উদ্দেশ্য। একদিন মহানবি (স:) খেয়াল করলেন তাঁর পথে কাঁটা নেই। তিনি অবাক হলেন এবং খোঁজ নিয়ে জানতে পারলেন বৃদ্ধা অসুস্থ। তখন তিনি তাকে দেখতে গেলেন এবং তার সেবা শুশ্রূষা করলেন। মহানবি (স:) এর এই মহানুভবতা দেখে বৃদ্ধা অবাক হলেন এবং নিজের কর্মকান্ডের জন্য অনুতপ্ত হয়ে ক্ষমা চাইলেন।

ক) স্বপ্ন-অতীত কী? ১

খ) 'ভারত যাদের তাদেরি জিনিতে এখনো রয়েছে বাকি' – বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের বৃদ্ধার সাথে 'বাবুরের মহত্ত্ব' কবিতার যে চরিত্রের মিল রয়েছে তার স্বরূপ বর্ণনা কর। ৩

ঘ) "উদ্দীপকের ভাবার্থ 'বাবুরের মহত্ত্ব' কবিতার ভাবার্থের খন্ডাংশমাত্র"- মূল্যায়ণ কর। ৪

নির্মিতি অংশ (৩০ নম্বর)

৭। যে কোনো এক**টি** প্রশ্নের উত্তর দাও: **৫×১ = ৫**

ক) সারাংশ লেখ:

আনন্দ প্রকাশ জীবনীশক্তির প্রবলতারই প্রকাশ। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয়সকলের সাহায্যে। মানুষ যখন আনন্দ পায় তখন সে তার মনকে প্রকাশ করতে চায় – নানা রূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পী, নৃত্যশিল্পী, সংগীতশিল্পী, কবি, সাহিত্যিক। পুরাকালের গুহামানুষ থেকে শুরু করে বর্তমান যুগ পর্যন্ত মানুষ নিজের পাওয়া আনন্দকে সুন্দরকে অন্য মানুষের মধ্যে বিস্তার করতে চেয়েছে। তাই সৃষ্টি হয়েছে নানান আঙ্গিকের শিল্পকলা।

খ) সারমর্ম লেখ:

এই যে বিটপি-শ্রেণি হেরি সারি সারি –
কি আশ্চর্য শোভাময় যাই বলিহারি!
কেহ বা সরল সাধু-হৃদয় যেমন,
ফল-ভরে নত কেহ গুণীর মতন।
এদের স্বভাব ভালো মানবের চেয়ে,
ইচ্ছা যার দেখ দেখ জ্ঞানচক্ষে চেয়ে।
যখন মানবকুল ধনবান হয়,
তখন তাদের শির সমুন্নত রয়।
কিন্তু ফলশালী হলে এই তরুগণ,
অহংকারে উচ্চশির না করে কখন।
ফলশূন্য হলে সদা থাকে সমুন্নত,
নীচ প্রায় কার ঠাঁই নহে অবনত।

৮। যে কোনো এক**টি** ভাবসম্প্রসারণ কর : **৫×১ = ৫**

ক) সঙ্গদোষে লোহা ভাসে।

খ) আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

৯। যে কোনো এক**টি** প্রশ্নের উত্তর দাও: **৫×১ = ৫**

ক) মনে কর, তোমার নাম আবির/আদৃতা। তোমার বন্ধু রায়হান/রোকসানা। সে খুলনায় থাকে। বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে তার কাছে একটি পত্র লেখ।

খ) মনে কর, তোমার নাম নিশিত/নাশিতা। তুমি এ জি একাডেমির ছাত্রী। তোমার বাবা একটি ব্যাংকে চাকরি করেন। সম্প্রতি তোমার বাবা কক্সবাজারে বদলি হয়েছেন। তাই তোমাকেও তার সাথে চলে যেতে হবে। এজন্য তোমার স্কুলের প্রধান শিক্ষকের কাছে ছাড়পত্র চেয়ে আবেদন কর।

১০। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর : **১৫×১ = ১৫**

ক) বাংলা নববর্ষ

খ) ট্রেনে ভ্রমণ

গ) ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য

বহুনির্বাচনি প্রশ্ন (নম্বর ৩০)

(দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(√) চিহ্ন দাও।

প্রত্যেকটি প্রশ্নের মান ০১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে)

১। উপেন নিজ গ্রামে প্রবেশ করে কুমোরের বাড়ির পরে বামে কোন স্থান অতিক্রম করল?

ক) নন্দীর গোলা খ) মন্দির
গ) রথতলা ঘ) হাটখোলা

২। "সুখী মানুষ" নাটিকা অনুযায়ী অশান্তির কারণ কী?

ক) লোভ খ) সম্পদ
গ) অত্যাচার ঘ) অসুখ

৩। ভাষাও যে শ্রমসাধ্য, প্রযত্নলব্ধ এবং শেখার কোনো বিষয় – কোন ভাষারীতি তার প্রমাণ?

ক) সাধু খ) চলিত
গ) প্রমিত ঘ) আঞ্চলিক

৪। 'ধানসিঁড়ি' নদীটি কোন জেলায় অবস্থিত?

ক) বরিশাল খ) ঝালকাঠি
গ) পিরোজপুর ঘ) ভোলা

৫। "যত বেশি খাটবে, ততই সুফল পাবে"- বাক্যে 'খাটবে' পদে কোন ধাতুর ব্যবহার হয়েছে?

ক) বিদেশাগত খ) বাংলা
গ) সংস্কৃত ঘ) সাধিত

৬। 'ভাব ও কাজ'প্রবন্ধে"হাজার খানেক স্কুল কলেজের ছাত্র বেরিয়ে এসেছিল"-

ক) সাময়িক উত্তেজনায় খ) হুজুগে মেতে
গ) আত্মত্যাগের উন্মাদনায় ঘ) ভাবের আবেগে

৭। "তিনি যাবেন না" 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'-এর আলোকে 'তিনি' কে?

ক) ইয়াহিয়া খান খ) শেখ মুজিব
গ) জুলফিকার আলী ভুট্টো ঘ) আইয়ুব খান

৮। কোনটি ক্রিয়া বিভক্তি?

ক) এ খ) য়
গ) র ঘ) লে

৯। 'আমাদের লোকশিল্প' প্রবন্ধে এদেশের লোকশিল্পের অতুলনীয় নিদর্শন কোনটি?

ক) জামদানি শাড়ি খ) খুঁটির দরজা
গ) নকশাদার ইট ঘ) হাতির দাঁতের শীতলপাটি

১০। 'প্রার্থনা' কবিতাটি কবি কায়কোবাদের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

ক) অমিয়ধারা খ) মহররম শরীফ
গ) শিবমন্দির ঘ) অশ্রুমালা

১১। কোন রাজ্যের প্রশাসনিক ভাষা বাংলা নয়?

ক) পশ্চিমবঙ্গ খ) ত্রিপুরা
গ) ঝাড়খন্ড ঘ) আসাম

নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাওঃ

সুমন তার বন্ধু শাওনের বাড়িতে বেড়াতে গেলে শাওনের মা তাকে নকশা কাটা ভারী সোনালি একটি গ্লাসে পানি খেতে দিলেন। গ্লাসটিতে সুন্দর করে শাওনের নাম লেখা আছে।

১২। নকশা কাটা গ্লাসটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের কোন শিল্পকে নির্দেশ করে?

ক) চারু খ) হাসিয়া
গ) মৃৎ ঘ) কাঁসা

১৩। নকশা কাটা গ্লাস ব্যবহারে শাওনের মায়ের মানসিকতার যে দিকটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধে ফুটে উঠেছে –

i) শৌখিনতা
ii) ঐতিহ্য সচেতনতা
iii) আতিথেয়তা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪। 'বঙ্গভূমির প্রতি' কবিতার কোন চরণে কবি মনের আক্ষেপ প্রকাশ পেয়েছে?

ক) সাধিতে মনের সাধ খ) কিন্তু কোন গুণ আছে
গ) নাহি খেদ তাতে ঘ) ফুটি যেন স্মৃতি জলে

নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাওঃ

সড়ক দুর্ঘটনায় মরণাপন্ন বন্ধু সৌমিত্রকে রক্ত দিয়ে বাঁচায় ওসমান। সৌমিত্র তার বন্ধুর প্রতি চির কৃতজ্ঞ থাকলেও তার বাবা ছেলের শরীরে ভিন্ন ধর্মের মানুষের রক্ত বইছে ভেবে অস্বস্তি বোধ করেন।

১৫। সৌমিত্রের বাবার মনোভাব 'মানব ধর্ম' কবিতার কোন চরণে ফুটে উঠেছে?

ক) জগৎ বেড়ে জেতের কথা
খ) মূলে এক জল, সে যে ভিন্ন নয়
গ) লোকে গৌরব করে যথা তথা
ঘ) তাইতে কি জাত ভিন্ন বলায়

১৬। ওসমানের চরিত্রে 'মানব ধর্ম' কবিতার যে দিক ফুটে উঠেছে-

i) আন্তরিকতা ii) অসাম্প্রদায়িকতা
iii) মানবিকতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭। কোনটি মূর্ধন্য বর্ণ?

ক) ছ খ) ফ
গ) ঠ ঘ) ধ

১৮। কোন শব্দটি কেবল পুরুষবাচক ?

ক) স্ত্রৈণ খ) অজ

গ) অনাথ ঘ) সভ্য

১৯। 'মহীন্দ্র' শব্দটি সন্ধির কোন নিয়ম মেনে গঠিত?

ক) ই + ই খ) ঈ + ঈ

গ) ঈ + ই ঘ) ই + ঈ

২০। বিসর্গ সন্ধির ব্যতিক্রম উদাহরণ কোনটি?

ক) প্রাতঃ + কাল খ) অতঃ + এব

গ) অহঃ + নিশা ঘ) অন্তঃ + করণ

২১। 'বাবুরের মহত্ত্ব'কবিতায় কোন কোন যুদ্ধ ক্ষেত্রের নাম উল্লেখ আছে?

ক) পানিপথ, খানুয়া খ) খানুয়া, মেবার

গ) মেবার, পানিপথ ঘ) পানিপথ, দিল্লী

২২। 'অতিথির স্মৃতি' গল্পে 'পাশের বাড়ি' – তে কোন গাছ আছে?

ক) ইউক্যালিপটাস খ) অশ্বত্থ

গ) বকুল ঘ) আমগাছ

২৩। কোন শব্দে 'অ' এর সংবৃত উচ্চারণ হয়েছে?

ক) শপথ খ) অভিধান

গ) অজ ঘ) জঞ্জাল

২৪। মৌলিক স্বরধ্বনি কয়টি?

ক) ১১ খ) ১০

গ) ৭ ঘ) ৫

২৫। 'বিজয়-লক্ষ্মী নারী' বলতে কাকে বোঝানো হয়েছে?

ক) বিজয় আনয়নকারী নারী

খ) প্রেরণা দানকারী দেবী

গ) বিজয় রূপিণী লক্ষ্মী

ঘ) জয়ের নিয়ন্তা দেবী

২৬। 'বাগ্মী' শব্দে 'ম' এর উচ্চারণ কেমন থাকে?

ক) নাসিক্য খ) স্বাভাবিক

গ) দ্বিত্ব ঘ) অনুচ্চারিত

২৭। নিচের কোন শব্দটিতে স্বতন্ত্র 'শ' এর উচ্চারণ হয়েছে?

ক) শ্লোক খ) ষষ্ঠ

গ) প্রশ্ন ঘ) অনুষ্ঠান

২৮। 'পড়ে পাওয়া' গল্পে "শীতে কেঁপে মরছি"-উক্তিটি কার ?

ক) বাদল খ) নিধু

গ) সিধু ঘ) বিধু

২৯। কোন উপসর্গের সাথে ব-ফলা যুক্ত হলে 'ব' এর উচ্চারণ বহাল থাকে?

ক) সু খ) উৎ

গ) প্র ঘ) নি

৩০। নিচের কোনটি কর্মবাচ্যের ধাতুর উদাহরণ?

ক) শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন

খ) বাবা ঘুমাচ্ছেন

গ) সে নিজে করে না, অন্যকে দিয়ে করায় ম।৫

ঘ) বইটি হারিয়ে ফেলেছি